

## আমার ফসল আমার গাড়ি

উৎপাদিত ফসলের চয়নোত্তর ক্ষতি রোধ করার জন্য এবং উৎপাদিত ফসল দ্রুত বাজারজাত করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**কি কি সুবিধা পাওয়া যায় :-**

উৎপাদিত ফসলের চয়নোত্তর ক্ষতি রোধ করতে এবং উৎপাদিত ফসল দ্রুত বাজারজাত করার জন্য এই প্রকল্পটির মাধ্যমে রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, কৃষক গোষ্ঠী সমূহ, স্বনির্ভর গোষ্ঠী ইত্যাদির মধ্যে থেকে নির্বাচিত উপভোক্তাদের একটি ভ্যান রিক্সা / ঠেলা গাড়ি এবং ৬ টি ছিদ্রযুক্ত প্লাস্টিক ক্রেট কেনার জন্য ১০০০০ টাকা করে এককালীন সহায়তা নির্বাচিত উপভোক্তাদের ব্যাঙ্ক একাউন্ট-এ সরাসরি প্রদান করা হয়েছে।

**কে বা কারা সাহায্য পাবেন :-**

† রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, কৃষক গোষ্ঠী সমূহ, স্বনির্ভর গোষ্ঠী ইত্যাদি।

**সাহায্যের জন্য কোথায় যোগাযোগ করবেন :-**

† ব্লকস্তরে সহকৃষি অধিকর্তার অফিস এবং জেলা ও মহকুমা স্তরে যথাক্রমে কৃষিজ বিপণন বিভাগের জেলা ও মহকুমা আধিকারিকের অফিস।